দৈনিক বাংলা

তারিখ 01 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

10/

বিশ্ববিদ্যালয় পরিষদের সভা

# শিক্ষাব্যবস্থা বিপর্যয়ের সম্মুখীন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ বলেছে, বিশ্ববিদ্যালয়গুলিতে অব্যাহত সন্ত্রাসী কার্যকলাপের ফলে শিক্ষাব্যবস্থা এখন বিপর্যয়ের সম্মুখীন।

শনিবার অনুষ্ঠিত পরিষদের স্থায়ী কমিটির সভায় গত কয়েক মাস ধরে

(শেষ পৃঃ ৬-এর কঃ দঃ)

**শিক্ষাব্যবস্থা** (প্রথম পৃঃ পর)

শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ক্রমবর্ধমান সহিংস ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় শিক্ষাঙ্গনে অশুভ তৎপরতা রোধে এগিয়ে আসার জন্য সরকার, রাজনৈতিক দল, ছাত্র সংগঠন, শিক্ষক, অভিভাবকসহ সকল মহলের প্রতি আহবানজানানোহয়।

সভায় সিদ্ধান্ত নেয়া হয় যে, ক্যাম্পাসে সন্ত্রাস দমনের লক্ষ্যে ভাইস চ্যান্সেলরগণ শীঘ্রই প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করবেন।